জনতা ব্যাংক লিমিটেড
Janata Bank Limited
প্রধান কার্যালয় ঃ জনতা ভবন
১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৫, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯, বর্ধিত ঃ ৫৪৯ ও ২০৫।

মানিলন্ডারিং ও সন্ত্রাসে
অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট
ফোন ঃ ৯৫৫৮৩৮৬, ৫৫১১০০২৪

সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডি এন্ড সিইও/০১/২০২১/৪৫

তারিখ: ০৭/০১/২০২১

সকল মহাব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপ-ব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন ও ব্যাপক বিধ্বংসী অস্ত্রের বিস্তার রোধে প্রতিরোধ বলয় গড়ে তোলার লক্ষ্যে আন্তর্জাতিক মানদণ্ড ও বিএফআইইউ এর নির্দেশনা বাস্তবায়নপূর্বক ৩০/০৬/২০২১ তারিখের মধ্যে ব্যাংকের রেটিং সন্তোষজনক পর্যায়ে উন্নয়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সকলের প্রতি মুজিব বর্ষ ও নববর্ষ-২০২১ এর আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন রইল।

বিশ্বব্যাপী অতিমারী করোনা ভাইরাসের (কোভিড-১৯) প্রাদুর্ভাবে জনজীবনে আতংক বিরাজ করছে। এ কঠিনতম সময়ের মোকাবেলা করে ব্যাংকের স্বার্থে আপনারা নিরবচ্ছিন্নভাবে ব্যাংকিং সেবা প্রদান করছেন। অতিমারী করোনা ভাইরাসের কারণে ইতোমধ্যে আমাদের বেশ কয়েকজন সহকর্মী ইন্তেকাল করেছেন, কেউ কেউ স্বজনহারা হয়েছেন। মৃত সহকর্মীসহ সকল মৃত ব্যক্তির রুহের মাগফিরাত কামনা করছি । ক্ষতিগ্রস্ত ও স্বজনহারা সকলের প্রতি জানাই আমার গভীর সমবেদনা।

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, UNODC এর তথ্যমতে প্রতি বছর গ্লোবাল জিডিপির ২%- ৫% বা $৮০০ বিলিয়ন - $২ ট্রিলিয়ন অর্থ মানিলন্ডারিং হয়ে থাকে। উন্নয়নশীল দেশে মানিলন্ডারিং এর ৮০% বাণিজ্য ব্যবস্থার মাধ্যমে সংঘটিত হয়ে থাকে। এমনকি এই করোনাকালীন সময়েও এসব কর্মকান্ড অব্যাহত আছে। অপরাধীরা ব্যাংক ব্যবস্থাকে অপব্যবহারের মাধ্যমে মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন এর মত বিধ্বংসী কর্মকান্ড সংঘটিত করে থাকে।

আমরা জানি জাতিসংঘ, দি ফাইন্যান্সিয়াল অ্যাকশন টাস্কফোর্স (FATF), ব্যাসেল কমিটি ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থা কর্তৃক বিশ্বব্যাপী এসব ধ্বংসাত্মক অপরাধমূলক কর্মকাণ্ড প্রতিরোধকল্পে মানদণ্ড নির্ধারণ করেছে। এর মধ্যে FATF এর ৪০ সুপারিশ এবং ব্যাসেল কমিটির KYC ব্যবস্থা অন্যতম। আন্তর্জাতিক মানদণ্ড ও সুপারিশের ভিত্তিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২; মানিলন্ডারিং প্রতিরোধ (সংশোধন) আইন, ২০১৫; সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯; সন্ত্রাস বিরোধী (সংশোধন) আইন, ২০১৩ ও বিধিমালা জারী করেছে এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট (বিএফআইইউ) নামক একটি স্বাধীন প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছে।

মানিলন্ডারিং, সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের জন্য সরকার কর্তৃক জারিকৃত এসব আইন ও বিধিমালা এবং বিএফআইইউ এর সার্কুলার, গাইডলাইন্স ও নির্দেশনাবলীতে ব্যাংকসমূহের উপর সুনির্দিষ্ট দায়িত্ব অর্পিত আছে। উক্ত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের ভিত্তিতে বিএফআইইউ কর্তৃক ব্যাংকের এএমএল রেটিং নির্ধারণ করা হয়।

অত্যন্ত পরিতাপের সাথে বলতে হচ্ছে যে, বিএফআইইউ কর্তৃক ডিসেম্বর/১৯ ভিত্তিক এ ব্যাংকের এএমএল রেটিং ৫ বা অসন্তোষজনক নির্ণীত হয়েছিল। উল্লেখ্য যে, রিস্ক রেটিং ২ বা সন্তোষজনক এর নীচে হলে তার জন্য Basel III এর আওতায় মিনিমাম ক্যাপিটাল রিকোয়ারমেন্ট এর ১.৫০% অতিরিক্ত মুলধন হিসাবায়ন করা হয়। এছাড়াও ব্যাংকের ক্যামেলস রেটিং নির্ণয়ের ক্ষেত্রেও বাংলাদেশ ব্যাংক কর্তৃক কোর রিস্ক রেটিং এর মান গুরুত্বের সাথে বিবেচনা করা হয়। এএমএল রিস্ক কোর রিস্কের মধ্যে অন্যতম।

রেটিং এর উক্ত অসম্মানজনক অবস্থার অন্যতম কারণ ব্যাংকের কেন্দ্রীয় তথ্য ভান্ডারে গ্রাহক পরিচিতি (KYC) ও মৌলিক তথ্যাদি হালনাগাদ না থাকা। যার ফলে রেটিং নির্ধারনের ক্ষেত্রে শাখাসমূহ ২৬ নম্বর কম পাচ্ছে। আগষ্ট/২০২০ তে এ ব্যাংকের KYC সম্পাদনের হার ছিল ১৯। তবে সকল মহলের আন্তরিক প্রচেষ্টা, কঠোর ও নিরলস পরিশ্রম এবং বিপুল কর্মযজ্ঞের ফলে ডিসেম্বর/২০২০ ভিত্তিক KYC সম্পাদনের হার ৫১% এ উন্নীত হয়েছে। এমনকি কোন কোন শাখা শতভাগ KYC সম্পাদন করেছে।

এছাড়াও করোনাকালীন এই দুঃসহ সময়ের মধ্যেও বিআরপিডি সার্কুলার নং ২ তারিখ: ২৩/০২/২০২০ এবং বিএফআইইউ এর নির্দেশনা মোতাবেক ব্যাংকে ২ পাতার হিসাব খোলার ফরম প্রণয়ন ও প্রচলন করা হয়েছে, ট্রেড বেইজড মানিলন্ডারিং পলিসি প্রণয়ন করা হয়েছে এবং জুন/২০২০ এএমএল রেটিং ৪ বা প্রান্তিক হিসেবে উন্নীত হয়েছে।

***প্রধান কার্যালয়, বিভাগীয় কার্যালয়, এরিয়া অফিস ও শাখাসমুহের সংশ্লিষ্ট সকল নির্বাহী/ কর্মকর্তা/ কর্মচারীগণকে এই অর্জনের জন্য আমি আন্তরিক ধন্যবাদ ও মোবারকবাদ জ্ঞাপন করছি।***

চলমান পাতা-০২

# জনতা ব্যাংক লিমিটেড

Janata Bank Limited

প্রধান কার্যালয় ঃ জনতা ভবন

১১০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৪৬৪৪, E-mail : aml@janatabank-bd.com, Website : www.jb.com.bd, SWIFT : JANBBDDH

পিএবিএক্স ঃ ৯৫৬০০৩৯, ৯৫৫৬২৪৫, ৯৫৬০০২৭-৩০, ৯৫৬০০৪২-৪৫, ৯৫৬৫০৪১-৪৩, ৯৫৬৬০২৮-২৯, বর্ধিত ঃ ৫৪৯ ও ২০৫।

মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্ট

ফোন ঃ ৯৫৫৮৩৮৬, ৫৫১১০০২৪




সূত্র: এমএলএন্ডটিএফপিডি/এমডি এন্ড সিইও/০১/২০২১/৪৫ তারিখ: ০৭/০১/২০২১

তবে এই অর্জনই যথেষ্ট নয়। সংশ্লিষ্ট সকলকে স্মরণ রাখতে হবে যে, বাণিজ্যিক ব্যাংক হিসেবে মুনাফা অর্জনের পাশাপাশি কমপ্লায়েন্সে আমাদেরকে সমানভাবে যত্নবান হতে হবে। এপ্রেক্ষিতে নিম্নবর্ণিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে:

(১) ২০ টি শাখাকে এএমএল কমপ্লায়েন্সে মডেল শাখা হিসাবে উন্নয়ন;

(২) শাখাওয়ারী Time Bound Action Plan (TBAP) অনুযায়ী ৩১/০৩/২০২১ তারিখের মধ্যে শতভাগ KYC সম্পাদন;

(৩) মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন প্রতিরোধের ক্ষেত্রে নিম্নবর্ণিত ক্ষেত্রগুলোর বিস্তারিত কার্যপদ্ধতি বাস্তবায়ন:

- পরিপালন কাঠামো শক্তিশালী ও কার্যক্ষম করা;
- গ্রাহকের সঠিক ও পূর্ণাঙ্গ গ্রাহক পরিচিতি (KYC) সংগ্রহ, যথাযথভাবে সংরক্ষণ ও বিএফআইইউ এর চাহিদা মোতাবেক এ সংক্রান্ত তথ্য সরবরাহ,
- লেনদেন মনিটরিং,
- নগদ লেনদেন রিপোর্ট (CTR) এবং সন্দেহ-জনক লেনদেন রির্পোট (STR);
- মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ/ডিভিশন বরাবর বিবরণী দাখিল;
- স্বনির্ধারণী পদ্ধতির মাধমে শাখার এএমএল সংক্রান্ত কার্যক্রম মূল্যায়ন ও দুর্বলতা চিহ্নিত করে সংশোধনমূলক ব্যবস্থা নেয়া;
- AML/CFT বিষয়ে কর্মকর্তাদের জ্ঞান ও সচেতনতা বৃদ্ধির মাধ্যমে দক্ষ জনবল তৈরী করা;
- রেকর্ড সংরক্ষণ/সরবরাহ এবং
- অডিট আপত্তি নিস্পত্তি।

এমতাবস্থায়, জুন/২০২১ তারিখের মধ্যে এ ব্যাংকের এএমএল রেটিং কমপক্ষে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করার লক্ষ্যে উপরোক্ত কার্যক্রম বাস্তবায়নে প্রধান কার্যালয়ের মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ডিপার্টমেন্টের টীমকে সার্বিক সহযোগীতা প্রদানসহ সংশ্লিষ্ট সকলের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পরিপালনের জন্য পুনরায় কঠোর নির্দেশ দেয়া হলো।

**তবে উপরোক্ত কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে কোনভাবেই গ্রাহকগণ যেন অহেতুক হয়রানি না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে।**

আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধে সরকারের অঙ্গীকার বাস্তবায়নের লক্ষ্যে আন্তর্জাতিক মানদন্ড ও বিএফআইইউ এর নির্দেশনা আন্তরিকতা ও দক্ষতার সাথে পরিপালনের মাধ্যমে আমরা এ ব্যাংকের অভ্যন্তরে একটি সুদৃঢ় প্রতিরোধ বলয় গড়ে তুলতে সক্ষম হবো ইনশাআল্লাহ।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আব্দুছ ছালাম আজাদ)
ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও